রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, অক্টোবর ১৭, ২০০০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**যোগাযোগ মন্ত্রণালয়**

**সড়ক ও রেলপথ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ই অক্টোবর ২০০০ ইং/১লা কার্তিক ১৪০৭ বাং

এস,আর,ও নং ৩১৩-আইন/২০০০—Highways Act, 1925 (Act III of 1925) এর section 4 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, মহাসড়কের নিরাপত্তা বিধান, সংরক্ষণ ও মহাসড়কে চলাচল নিয়ন্ত্রণের উদ্দেশ্যে, নিম্নরূপ বিধিমালা প্রণয়নের প্রস্তাব করিতেছে। উক্ত আইনের section 4 মোতাবেক এতদ্বারা প্রস্তাবিত বিধিমালার প্রাক-প্রকাশনা করা হইল। প্রস্তাবিত বিধিমালার দ্বারা ক্ষতিগ্রস্ত বা প্রভাবিত হইতে পারেন এমন সকল ব্যক্তির অবগতির জন্য এতদ্বারা নোটিশ প্রদান করা যাইতেছে যে এই প্রজ্ঞাপন সরকারী গেজেটে জারীর ৩০ (ত্রিশ) দিন পর বিধিমালাটি চূড়ান্তকরণের জন্য বিবেচনা করা হইবে।

উল্লিখিত ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রস্তাবিত বিধিমালাটি সম্পর্কে নিম্নস্বাক্ষরকারীর নিকট কোন আপত্তি বা পরামর্শ প্রেরণ করা হইলে সরকার উহা বিবেচনা করিবে ঃ

**প্রস্তাবিত বিধিমালা**

১। **বিধিমালার নাম।**—এই বিধিমালা মহাসড়ক (নিরাপত্তা, সংরক্ষণ ও চলাচল নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০০ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "অধিদপ্তর" অর্থ সড়ক ও জনপথ অধিদপ্তর এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে উক্ত অধিদপ্তরের কোন কর্মচারী বা অধিদপ্তরের নিকট হইতে ক্ষমতা প্রাপ্ত কোন ব্যক্তিও এই সংজ্ঞার অন্তর্ভুক্ত;



মূল্য ঃ ২.০০ টাকা

(খ) "অনুমোদিত পথ" অর্থ মহাসড়কে প্রবেশ, মহাসড়ক হইতে বহির্গমন বা মহাসড়ক অতিক্রমের জন্য অধিদপ্তর কর্তৃক ঘোষিত বা চিহ্নিত কোন পথ ; এবং মহাসড়কের উপর দিয়া স্থাপিত রেলপথ, মানুষ বা গবাদিপশুর জন্য নির্ধারিত চলাচলের পথ বা মহাসড়কের কোন অংশ সাময়িকভাবে বন্ধ থাকিলে বিকল্পপথও এই সংজ্ঞার অন্তর্ভুক্ত;

(গ) "আইন" অর্থ Highways Act, 1925 (Act III of 1925);

(ঘ) "চালক" অর্থ মোটরযানের চালক ;

(ঙ) "ট্রাফিক সাইন" অর্থ মহাসড়কে চলাচলের উদ্দেশ্যে স্থাপিত বৈদ্যুতিক আলোর সংকেত বা অন্যবিধ সংকেত, বা উক্ত উদ্দেশ্যে স্থাপিত বা ব্যবহৃত সতর্কতা সংকেত, স্তম্ভ বা খুটি, বা উক্ত উদ্দেশ্যে ব্যবহৃত অন্য কোন নির্দেশনা, ইংগিত বা তথ্য ;

(চ) "পার্কিং স্থান" অর্থ মহাসড়কে মোটরযান দাঁড়ানো বা অবস্থানের জন্য অধিদপ্তর কর্তৃক নির্ধারিত স্থান ;

(ছ) "ব্যক্তি" অর্থ সংবিধিবদ্ধ সংস্থা, কোম্পানী, সমিতি, সংঘ বা অন্য কোন সংস্থাও এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে ;

(জ) "মোটরযান" অর্থ Motor Vehicles Ordinance, 1983(LV of 1983) এর section 2 এর clause (27) এ সংজ্ঞায়িত motor vehicle ;

(ঝ) "মহাসড়ক" অর্থ আইনের section 2 তে সংজ্ঞায়িত "Government road" এর মধ্যে যে সকল রাস্তা অধিদপ্তর কর্তৃক মহাসড়ক হিসাবে ঘোষিত বা চিহ্নিত।

৩। **মহাসড়কে চলাচলের ক্ষেত্রে বাঁধা-নিষেধ।**—কোন ব্যক্তি মহাসড়কে—

(ক) অধিদপ্তর কর্তৃক নির্ধারিত স্থান ব্যতীত মহাসড়কের অন্য কোন স্থান দিয়া পদযাত্রা করিবেন না বা এই বিধিমালার অধীনে অনুমোদিত কার্যকলাপের উদ্দেশ্যে ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে মহাসড়কের কোন স্থানে অবস্থান করিবেন না ;

(খ) মোটরযান ব্যতীত অন্য কোন যান চালনা করিবেন না বা রাখিবেন না ;

(গ) পার্কিং স্থান ব্যতীত অন্য কোন স্থানে মোটরযান পার্কিং করিবেন না এবং পার্কিং এর ক্ষেত্রে অদিদপ্তরের নির্দেশাবলী মানিয়া চলিবেন ;

(ঘ) ট্রাক বা অনুরূপ মোটরযান ব্যতীত অন্য কোন যানবাহনে কোন পশু-পাখি বহন করিতে কিংবা সংগে নিতে পারিবেন না, বা তাহার নিয়ন্ত্রণাধীন গবাদিপশু অধিদপ্তর কর্তৃক নির্ধারিত স্থান ব্যতীত অন্য কোন স্থান দিয়া মহাসড়কে প্রবেশ করিতে বা চলিতে দিবেন না বা মহাসড়কে অবস্থান করিতে দিবেন না ;

(ঙ) একমুখী পথে মোটরযানকে ঘুরাইয়া বিপরীত দিকে চালাইতে পারিবেন না বা অনুমোদিত দিক ব্যতীত অন্য কোন দিকে মোটরযান চালাইতে পারিবেন না।

৪। **অনুমোদিত পথ ও ট্রাফিক সাইন অনুসরণ।**—(১) কোন চালক অনুমোদিত পথ ব্যতীত অন্য কোন পথে তাহার নিয়ন্ত্রণাধীন মোটরযান নিয়া মহাসড়কে প্রবেশ বা মহাসড়ক হইতে প্রস্থান করিবেন না।

(২) মহাসড়কে মোটরযান চালাইয়া প্রবেশ বা উহা হইতে প্রস্থান বা মহাসড়কে মোটরযান চালানোর ক্ষেত্রে, চালক নিম্নরূপ নিয়মাবলী পালন করিবেন—

(ক) ট্রাফিক সাইন মানিয়া চলিবেন ;

(খ) অনুমোদিত পথ দিয়া চলাচলরত লোকজন, পশু-পাখি ও যানকে ট্রাফিক আইন অনুসারে অতিক্রমের সুযোগ দিবেন ;

(গ) অধিদপ্তর কর্তৃক নির্দেশিত গতিসীমা অতিক্রম করিবেন না।

৫। **মহাসড়কে যত্রতত্র মোটরযান থামানো ইত্যাদির ক্ষেত্রে বাধা-নিষেধ।**— চালক নিম্নবর্ণিত স্থান ব্যতীত মহাসড়কের অন্য কোন স্থানে তাহার নিয়ন্ত্রণাধীন মোটরযান থামাইতে পারিবেন না, যথা ঃ—

(ক) পার্কিং স্থান ;

(খ) জানমালের ক্ষয়ক্ষতি রোধের লক্ষ্যে আকস্মিকভাবে থামানোর প্রয়োজন হয় এমন কোন স্থান ;

(গ) ট্রাফিক সাইন দ্বারা থামানোর নির্দেশ দেওয়া হয় এমন কোন স্থান ;

(ঘ) কোন স্থানে মোটরযান বিকল হইলে এবং উহার আশেপাশে মোটরযানটি রাখার মত জায়গা না থাকিলে উক্ত স্থান ঃ

তবে শর্ত থাকে যে, বিকল মোটরযানকে চালু করা বা সরানোর জন্য সংশ্লিষ্ট স্থানে প্রয়োজনীয় অন্যান্য যান মহাসড়কে থামানো যাইবে, এবং প্রয়োজনীয় সময়ব্যাপী মহাসড়কে সংশ্লিষ্ট ব্যক্তিগণ অবস্থান করিতে পারিবেন ;

(ঙ) অধিদপ্তরের কর্মচারী বা কোন আইন প্রয়োগকারী সংস্থা কর্তৃক নির্দেশিত হইলে বা কোন সড়ক দুর্ঘটনা ঘটিলে বা দাংগা-হাংগামার কারণে বা কোন জরুরী অবস্থা নিরসনের লক্ষ্যে মোটরযান থামানোর প্রয়োজনীয়তা দেখা দিলে উক্তরূপ কোন স্থান।

৬। **মহাসড়কের ক্ষতিকর ব্যবহার, ইত্যাদির ক্ষেত্রে বাধা-নিষেধ।**— (১) কোন ব্যক্তি, অধিদপ্তরের লিখিত অনুমতি ব্যতীত,—

(ক) মহাসড়কের অন্তর্ভুক্ত ঢাল (slope), berm, borrow-pit এর কোন অংশ দখল বা ব্যবহার করিতে পারিবেন না ;

(খ) মহাসড়কের কোন অংশের উপরের বা নীচে বা পার্শ্ববর্তী দশ মিটারের মধ্যে কোন নির্মাণ কার্য বা কোন কিছু স্থাপন বা বিদ্যমান স্থাপনার পরিবর্তন, পরিবর্ধন, মাটি খনন বা ভরাট কার্য বা কোন বৃক্ষরোপন বা চাষাবাদ করিতে পারিবেন না;

(গ) মহাসড়কের উপর কোন পণ্যসামগ্রী বা মালামাল জমা রাখিতে পারিবেন না।

(২) কোন ব্যক্তি মহাসড়কে এমন মোটরযান চালাইবেন না যাহা হইতে মহাসড়কের জন্য ক্ষতিকর কোন বস্তু (যেমন সরুশলা, তরল পদার্থ ইত্যাদি) পতিত হয় বা হইতে পারে।

৭। **মহাসড়কের উন্নয়ন, মেরামত বা সংস্কারের সময় করণীয় বিষয়াদি।**—আইনের section 3 এর বিধান মোতাবেক অধিদপ্তরের কোন কর্মকর্তা অধিদপ্তরের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি মহাসড়কের উন্নয়ন, মেরামত, সংস্কার বা উক্তরূপ কার্যাবলী সম্পাদনের নিমিত্ত প্রয়োজনীয় কার্যাদি সমাধা করার লক্ষ্যে-

(ক) মহাসড়কের উপর দিয়া চলাচল বা মহাসড়কের ব্যবহার স্বল্প সময়ের জন্য বন্ধ রাখিতে পারিবেন এবং তাহা করা হইলে সকল চালক উহা মানিয়া চলিবেন;

(খ) জনসাধারণের অসুবিধা পরিহার করার লক্ষ্যে উক্ত সময়ের জন্য বিকল্প পথের ব্যবস্থা করিতে পারিবেন এবং এইরূপ ব্যবস্থা করা হইলে সকল চালক উক্ত বিকল্প পথে মোটরযান চালাইবেন;

(গ) উক্তরূপ কার্যাদি সম্পাদনের জন্য প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

৮। **অধিদপ্তরের দায়িত্ব।**—এই বিধিমালা বাস্তবায়নের নিমিত্ত অধিদপ্তর মহাসড়কে ট্রাফিক সাইন স্থাপনসহ অনুমোদিত পথ, একমুখী পথ, পার্কিং স্থান চিহ্নিতকরণের জন্য প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করিবে এবং এই ব্যবস্থাদি কার্যোপযোগী রাখিবে।

৯। **অপরাধ ও দন্ড।**—কোন ব্যক্তি বিধি ৩, ৪, ৫, ৬ এবং ৭ এর বিধান লংঘন করিলে উক্ত লংঘনের জন্য তিনি ১০,০০০ (দশ হাজার) টাকা অর্থ দন্ডে দন্ডনীয় হইবেন এবং অব্যাহত লংঘনের জন্য অনধিক ৬(ছয়) মাসের বিনাশ্রম কারাদন্ডে এবং প্রতিদিনের জন্য অনধিক ১০০ (একশত) টাকা অর্থদন্ডে দন্ডনীয় হইবেন।

১০। **অবৈধভাবে রাখা মটরযান, ইত্যাদি অপসারণের ক্ষমতা।**—(১) বিধি ৯ এর অধীনে কোন অপরাধ সংগঠিত হইয়াছে বলিয়া আপতদৃষ্টে মনে হইলে পুলিশ বা আইন শৃংখলা রক্ষাকারী বাহিনীর যে কোন সদস্য যে কোন যান, বস্তু বা পশু বা স্থাপনা উক্ত অপরাধের সহিত সংশ্লিষ্ট উহাকে মহাসড়ক হইতে অপসারণ করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, অধিদপ্তরের যে কোন কর্মচারী বা অধিদপ্তরের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি পুলিশ বা উক্ত বাহিনীর সদস্যকে উক্ত অপসারণের জন্য অনুরোধ করিতে পারিবেন এবং তদনুসারে পুলিশ বা উক্ত বাহিনীর সদস্য কার্য করিবেন।

১১। **ইংরেজীতে অনূদিত পাঠ প্রকাশ।**—এই বিধিমালা প্রবর্তনের পর, সরকার সরকারী গেজেট প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার ইংরেজীতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ প্রকাশ করিবে যাহা এই বিধিমালার অনুমোদিত ইংরেজী পাঠ (Authorised English Text) নামে অভিহিত হইবে ঃ

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা ও উক্ত ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে এই বিধিমালা প্রাধান্য পাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**মোঃ গোলাম মাওলা মজুমদার**
উপ-সচিব।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।